মেহেরপুরের আমঝুপিতে বিদ্যালয়ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই অংশ হিসেবে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয়ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ কিতাব আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কমিটির আমঝুপি ইউনিয়নের সভাপতি অধ্যাপক সাইদুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক মোঃ আক্তার হোসেন ও মোঃ শহীদুল্লাহ। এছাড়া ওয়াচ কমিটির সদস্যবৃন্দ ও বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা বক্তব্য রাখেন।

গণসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্রে (মউক) সভার আয়োজন করে। সভায় এক বছরের স্কুলভিত্তিক বার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত বক্তব্য উপস্থাপন করেন মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা।

সভায় আগামী বছরের বিভিন্ন শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম অফিসার চাঁদতারা সূয শরীফা পারভীন।

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজ মাঠে পুরস্কার বিতরণের সভায় সভাপতিত্ব করেন, কলেজের স্কুলের ম্যানেজিং কমিটির সহ-সভাপতি সিনিয়র সাংবাদিক খন্দকার শাহ আলম মন্টু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রুপালী ব্যাংকের ম্যানেজার মো আব্দুল খালেক, স্টান্ডাডার ব্যাংকেকর ম্যানেজার আনোয়ার হোসেন, সাবেক মৎস্য অফিসার খন্দকার শহিদুর রহমান, ইমাম খতিব পরিষদের সভাপতি শেখ শাফায়েতুল ইসলাম হিরো, আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সাধারণ সম্পাদক ডাঃ মো আব্দুল্লাহ আল মামুন, আলমডাঙ্গা বিদ্যুৎ বিভাগের উপসহকারী প্রকৌশলী সঞ্জয় কুমার, কালিদাসপুর ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা আলমগীর হোসেন, অভিভাবক মুস্তাফিজুর রহমান।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ সিনিয়র সাংবাদিক জামসিদুল হক মুনি। সমগ্র অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন, বিশিষ্ট উপস্থাপক উপাধাক্ষ শামীম রেজা। ধারা বর্ণনায় ছিলেন, শাহানু সুলতান রুদ্র। অনুষ্ঠানে সহযোগিতায় ছিলেন, ইজাইফা রহমান কুঞ্জ, দিহান আলম, আবু দারদা। বর্ণাঢ্য আয়োজনে অভিভাবক, কোমলমতি শিক্ষার্থী ও আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে আনন্দমুখর পরিবেশে আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

ঝিনাইদহ প্রেসিডেন্সি স্কুলে বার্ষিক ক্রীড়া ও পুরষ্কার বিতরণী

ঝিনাইদহ প্রেসিডেন্সি স্কুল এন্ড ক্যাডেট কেয়ার প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দিনব্যাপী এই অনুষ্ঠান শেষে বিকালে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আব্দুর রউফ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ও সিনিয়র সাংবাদিক মোঃ শাহানুর আলম, এছাড়া বিশেষ অতিথি হিসেবে কলেজ শিক্ষক মোত্তাহিদুল ইসলাম নান্নু, প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক সঞ্জয় কুমার বিশ্বাসসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ইমদাদুল হক মিলন এবং সঞ্চালনায় ছিলেন, সহকারী শিক্ষিকা রত্না বিশ্বাস।

বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান নিয়ে বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীরা আনন্দঘণ একটি দিন অতিবাহিত করেন।

দর্শনায় বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা ও পুরুস্কার বিতরণী

দর্শনা সরকারী কলেজের আয়োজনে তিনদিনব্যাপী বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গত ১৯-২১ জানুয়ারী ৩দিনব্যাপী ক্রীড়া অনুষ্ঠানের পুরুস্কার বিতরণ করা হয় গতকাল বুধবার। ২০টি ইভেন্টে ৬০ জন ছাত্র/ছাত্রী পুরুস্কার অর্জন করে।

এছাড়া শিক্ষকদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ ও ছাত্রদলের আয়োজনে স্বাক্ষর বোর্ডে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার উপর ছাত্র/ছাত্রীরা স্বাক্ষর করে। এ স্বাক্ষরের মধ্যে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার মধ্যে দর্শনা কলেজ চত্বর এলাকায় ছাত্র/ছাত্রী হোষ্টেল ও শিক্ষক আবাসিক ভবন নিমার্ন, একটি মসজিদ, কলেজের সুন্দর পরিবেশ সৃষ্টি করা ও বহিরাগতদের অবাদ চলাচল বন্ধসহ নানা সমস্যার কথা তুলে ধরে। আগামী জাতীয় সংসদ সদস্য মাহামুদ হাসান খান বাবু যদি নিবার্চিত হলে এ সকল সমস্যা সমাধানের দাবী করে ছাত্র/ছাত্রীরা।

এ সকল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, শিক্ষক সমিতির সভাপতি লিহাজ উদ্দিন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম।

এছাড়া অন্যান্য শিক্ষক বৃন্দ উপস্থিত থেকে গতকাল ক্রীড়া অনুষ্ঠানে অংশ গ্রহণকারী বিজয়ী ছাত্র/ছাত্রীদের মধ্যে পুরুস্কার তুলে দেন দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বাংলা বিভাগের প্রভাষক মুকুল হোসেন।

গাংনীতে বসুন্ধরা শুভসংঘের বার্ষিক মতবিনিময় ও আলোচনা সভা

বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখার আয়োজনে “কেমন চাই আগামীর বাংলাদেশ?” শীর্ষক আলোচনা ও বার্ষিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

একাত্তরের চেতনা ও চব্বিশের জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের স্পিরিট ধারণ করে আগামীর বাংলাদেশকে একটি উন্নত সোনার বাংলা হিসেবে গড়ে তোলার আহ্বান জানানো হয় সভায়।

অনুষ্ঠানে বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখার উপদেষ্টা সৈয়দ জাকির হোসেন মাস্টার বলেন, একাত্তরের চেতনা ও চব্বিশের গণ-অভ্যুত্থানের স্পিরিটকে ধারণ করে আগামীর বাংলাদেশকে একটি উন্নত সোনার বাংলা হিসেবে গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানের প্রধান বক্তা মেহেরপুর জেলা বসুন্ধরা শুভসংঘের সভাপতি মো. রফিকুল ইসলাম বকুল বলেন, ডান-বাম কিংবা বিদেশিদের প্রেসক্রিপশনে নয়, বাংলাদেশকে এখন হাঁটতে হবে নিজের নাক বরাবর বাংলাদেশপন্থী হয়ে।

ইঞ্জিনিয়ার ও বসুন্ধরা শুভসংঘের উপদেষ্টা রাশেদ বোরহান বলেন, ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ ও রাষ্ট্র গঠনে তরুণদের সঙ্গে নিয়ে ইসলামের আদর্শে বিশ্বাসী হয়ে কাজ করতে হবে।

মেহেরপুর জেলা বসুন্ধরা শুভসংঘের সাধারণ সম্পাদক নাফিউল ইসলাম তরুণ সমাজ ও রাজনৈতিক কর্মীদের উদ্দেশ্যে বলেন, তরুণদের এই বাংলাদেশ অপার সম্ভাবনার বাংলাদেশ। সমাজের সব শুভ কাজে তরুণদের একটি প্ল্যাটফর্মে এসে রাষ্ট্র কাঠামো মেরামতে কাজ করতে হবে। সেই কাজই করে যাচ্ছে বসুন্ধরা শুভসংঘ।

শীতের বিকেলে গাংনী উপজেলার আব্দুল মজিদ মাস্টার স্টাডি সেন্টারে অনুষ্ঠিত এ আলোচনা ও বার্ষিক সভায় প্রাণবন্ত আলোচনা হয়।

একঝাঁক তরুণদের অংশগ্রহণে আয়োজিত সভায় আরও উপস্থিত ছিলেন বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখার সহ-সভাপতি মাহফুজ রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক ও সাংবাদিক এস. এম. তারেক, সাংস্কৃতিক সম্পাদক ও সাংবাদিক জুলফিকার আবির, ত্রাণ ও দুর্যোগ সম্পাদক ফাহাদ হোসেন শিহাব, কার্যকরী সদস্য ইয়াছিন হাবিব, জায়েদ কবির এবং ওয়াহিদুজ্জামান স্বপ্নীল।

নতুন বছরে বসুন্ধরা শুভসংঘ গাংনী উপজেলা শাখা কীভাবে ভিন্নধর্মী সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করতে পারে এবং বসুন্ধরা শুভসংঘ ডিজিটাল পাবলিক লাইব্রেরি প্রতিষ্ঠা করা যায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন রাজু আহমেদ বনি।

দর্শনায় দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির বার্ষিক প্রদর্শনী

দর্শনায় দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির আয়োজনে বার্ষিক প্রদর্শনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। যেখানে বাংলা, ইংরেজি, অ্যারাবিয়ান, অঙ্ক ও ধর্মীয় শিক্ষায় শিক্ষার্থীদের সুশিক্ষা প্রদান করা হচ্ছে।

প্রধান অতিথির বক্তব্যে বক্তারা বলেন, বিগত ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের সময় শিক্ষাব্যবস্থা ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছে গিয়েছিল। প্রাথমিক শিক্ষার মান নিম্নমুখী হয়ে পড়ে। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ অথচ পরিকল্পিতভাবে শিক্ষাব্যবস্থা ভেঙে ফেলা হয়েছিল। প্রাথমিক শিক্ষার বইয়ে মানহীন গল্প-কাহিনী যুক্ত করে একটি বিভ্রান্তিকর শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার চেষ্টা করা হয়।

বক্তারা আরও বলেন, দর্শনা দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির মতো প্রতিষ্ঠানগুলো শিশুদের বাংলা, ইংরেজি, অ্যারাবিয়ান, অঙ্ক ও ধর্মীয় শিক্ষায় আলোকিত করছে যা সত্যিই প্রশংসনীয়। অভিভাবকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি প্রমাণ করে তারা তাদের সন্তানদের উন্নতমানের শিক্ষায় শিক্ষিত করতে আগ্রহী।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে একাডেমির ভবনের সামনে বার্ষিক প্রদর্শনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এ সময় দর্শনা পৌর বিএনপি সমন্বয় কমিটির অন্যতম নেতা ও মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি আলহাজ মোঃ মশিউর রহমান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানটির পরিচালক মাওলানা আমিনুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাবিলনগর আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক, পিএইচডি গবেষক মোঃ আরিফুল ইসলাম হাওলাদার, চুয়াডাঙ্গা সদর উপজেলা সমবায় কর্মকর্তা আব্দুল আওয়াল, দর্শনা পৌর জামায়াতে ইসলামী সভাপতি সাদিকুজ্জামান অপু, দর্শনা প্রেসক্লাব সভাপতি ইকরামুল হক পিপুল, বিশিষ্ট সমাজসেবক আয়ুব আলী, মোঃ আমিনুল ইসলাম, বিএনপি নেতা ইস্থানুল ইসলাম, সমাজসেবক নজরুল ইসলাম, অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা মনিরুল ইসলাম প্রমুখ।

মেহেরপুর সরকারি কলেজে বার্ষিক ম্যাগাজিন উন্মোচন

মেহেরপুর সরকারি কলেজের টিএসসিআর কক্ষে অনুষ্ঠিত হলো কলেজের বার্ষিক ম্যাগাজিন ২০২৫ উন্মোচন অনুষ্ঠান। আজ বুধবার (১৭ সেপ্টেম্বর) দুপুর ১২টায় কলেজের শিক্ষক-শিক্ষার্থী সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. আবদুল ছালাম।

সভাপতির বক্তব্যে কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ.কে.এম. নজরুল কবীর বলেন, বার্ষিক ম্যাগাজিন একটি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের অন্যতম মাধ্যম, যা শিক্ষার মানোন্নয়নে সহায়ক ভূমিকা রাখে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন কলেজের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সম্পাদক মো. খেজমত আলী মালিথা। এছাড়া বক্তব্য রাখেন ম্যাগাজিন সম্পাদনা পরিষদের সদস্য মঈনুল ইসলাম, সহকারী অধ্যাপক এবং ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক এস. এম. আশরাফুল হাবিব।

উন্মোচন অনুষ্ঠানে কলেজের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে বার্ষিকী ম্যাগাজিন ২০২৫ এর বেশ কিছু স্থিরচিত্র প্রদর্শন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা হাজী

সমিতির সংবর্ধনা ও বার্ষিক সম্মেলন

মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির উদ্যোগে নতুন ও পুরাতন হাজীদের সংবর্ধনা ও বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদে আয়োজিত এ অনুষ্ঠানে হাজী সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন।

এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির সভাপতি হাজী নুর হোসেন আঙ্গুর। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী আক্তার হোসেন রিন্টু। সঞ্চালনা করেন হাজী আক্কাস আলী।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জামিয়া ইসলামিয়া মাদ্রাসার পরিচালক মুফতি হাফিজুর রহমান। অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন ডা. আব্দুস সালাম, হাজী নুর রহমান, হাজী কুতুব উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠানে হাজীদের প্রতি সম্মান ও শ্রদ্ধা জানিয়ে দোয়া এবং আলোচনা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের ময়ামারি স: প্রা: বিদ্যালয়ে বার্ষিক পরিকল্পনা সভা

মেহেরপুরের ময়ামারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সার্বিক মানোন্নয়ন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে এক বিদ্যালয়ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকাল ১০টায় ময়ামারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ

অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের পিটিএ কমিটির সভাপতি ও স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ আরিফ হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা।
তিনি বিগত এক বছরের সার্বিক কার্যক্রমের অগ্রগতি, অর্জন এবং চ্যালেঞ্জ তুলে ধরেন। শিক্ষার্থীদের পাঠগ্রহণে আগ্রহ সৃষ্টি, ঝরে পড়া রোধ, শিক্ষক-অভিভাবক সহযোগিতা এবং বিদ্যালয়ের পরিবেশ উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরে তিনি ভবিষ্যৎ পরিকল্পনার দিক-নির্দেশনা দেন।

সভায় আরও আলোচনা হয় বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন, টয়লেট ও সুপেয় পানির ব্যবস্থা, পাঠদান পদ্ধতির আধুনিকায়ন এবং অভিভাবক সচেতনতা বৃদ্ধি নিয়ে। এসব বিষয়ে বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সদস্য ও সমাজসেবক আব্দুর রকিব, মোঃ শহিদুল্লাহ, পিটিএ সদস্য মোঃ মিল্লাত হোসেন এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ হোসনে আরা।

সভাপতি মোঃ আরিফ হোসেন বলেন, “বিদ্যালয়ের উন্নয়ন শুধু সরকারের দায়িত্ব নয়; এর জন্য অভিভাবক, শিক্ষক ও স্থানীয় জনগণের সম্মিলিত প্রচেষ্টাই সবচেয়ে গুরুত্বপূর্ণ।”

সভা শেষে অংশগ্রহণকারীরা বিদ্যালয়ের উন্নয়নে একসাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং একটি বাস্তবভিত্তিক বাৎসরিক কর্মপরিকল্পনা গৃহীত হয়।

মুজিবনগরে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও

পুরস্কার বিতরণ

মুজিবনগরে ইসলামিক সংস্কৃতির নান্দনিক বিকাশ ও নৈতিকতা সমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজ-এর বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে গত মঙ্গলবার অনুষ্ঠিত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ও মাদ্রাসার পরিচালক সোহেল রানা এবং প্রিন্সিপাল বায়জিদ হোসেন।

৪৫টি ইভেন্টে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজের প্রায় সাড়ে চারশত ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা অংশগ্রহণ করেন।

এ সময় মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।